

## প্রাথমিকের জন্য চিঠি বা এলিমেন্টারি স্ক্রিপ্ট:

এটি স্কুল মেসেঞ্জার প্রাথমিক স্কুলের প্রাক-নিবন্ধন টেলিফোন কল বা স্কুল মেসেঞ্জার এলিমেন্টারি স্কুল টেলিফোন প্রি-রেজিস্ট্রেশন কলের বাংলা অনুবাদ যেটি আপনি ইংরেজীতে পাবেন:

টরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড (Toronto District School Board) থেকে আপনার শিশু যে এই সেপ্টেম্বরে (শিশুর জন্য নির্দিষ্ট) শ্রেণীতে যাবে তার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ বার্তা। (প্রতিটি শিশুর জন্য আপনি একটি করে টেলিফোন কল পাবেন। তারা কোন শ্রেণীতে পড়ে তার দ্বারা কলসমূহ শনাক্ত করা হবে।)

এটি আপনার শিশুর এই সেপ্টেম্বরে x শ্রেণীতে যাওয়া সম্পর্কিত টরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড (Toronto District School Board) থেকে একটি গুরুত্বপূর্ণ বার্তা।

শিক্ষা মন্ত্রণালয় বা মিনিস্ট্রি অব এডুকেশন ঘোষণা করেছে যে প্রাথমিক স্কুলসমূহ পূর্ণ-দিবসের জন্য একটি দল সহ এবং বর্ধিত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক বিধিমালা সহ প্রতি সপ্তাহে পাঁচ দিন করে স্কুলে ফেরত আসবে।

শারীরিক দূরত্ব সম্পর্কে টরন্টো জন স্বাস্থ্য বা টরন্টো পাবলিক হেলথের সুপারিশসমূহের উপর ভিত্তি করেই টিডিএসবি (TDSB) তা নিশ্চিত করার জন্য একটি কৌশল তৈরি করেছে যে সারা ব্যবস্থা বা সিস্টেম ধরে শ্রেণীর আকার বা সাইজসমূহ যতটুকু সম্ভব হ্রাস করা হবে এবং পাশাপাশিভাবে কমিনিউটিসমূহে তথ্য-সম্পদের ওপর মনোনিবেশ করবে যেখানে জন স্বাস্থ্যের তথ্য-উপাত্ত বা ডেটা কোভিড-19 এর সংক্রমণের বেশী ঝুঁকি প্রদর্শন করছে। কর্মচারীগণ টরন্টো জন স্বাস্থ্যের সাথে এমন স্কুলসমূহ নিরূপণ করার জন্য কাজ করছেন যাদের অতিরিক্ত তথ্য-সম্পদের প্রয়োজন হতে পারে।

সেপ্টেম্বরে আপনি আপনার শিশুকে ব্যক্তিগত-উপস্থিতির শিক্ষণের জন্য স্কুলে না পাঠাতে চাইলে, টিডিএসবির ভার্চুয়াল স্কুল ফর রিমোট লার্নিংয়ের (Virtual School for Remote Learning) মাধ্যমে বাড়িতেই আপনার শিশুর জন্য একটি সম্পূর্ণ দূরবর্তী শিক্ষণ বা রিমোট লার্নিংয়ের মডেল উপলভ্য হবে। যেহেতু স্বতন্ত্র স্কুল ভিত্তিক মডেলের জন্য পর্যাপ্ত তথ্য-সম্পদ প্রদান করা যাবে না, দূরবর্তী শিক্ষণ একটি কেন্দ্রীয় ভার্চুয়াল স্কুল মডেলের মাধ্যমে সরবরাহ করা হবে।

আপনার স্কুলকে সেপ্টেম্বরের জন্য শ্রেণী সংক্রান্ত তালিকা তৈরি করতে হবে, যার জন্য আমরা আপনাদের আপনার শিশুকে এই সময়ে ব্যক্তিগতভাবে (এর অর্থ স্কুলে) বা দূরবর্তী শিক্ষণের (এর অর্থ ভার্চুয়াল স্কুল) জন্য নিবন্ধন করতে অনুরোধ করছি।

1) সেপ্টেম্বরে আপনার শিশু যে কীভাবে স্কুলে ফেরত আসবে:

"আমার শিশু ব্যক্তিগতভাবে যোগ দেবে" এর জন্য 1 এ চাপ দিন।

"আমার শিশু ভার্চুয়াল স্কুল ফর রিমোট লার্নিং এ যোগ দেবে" এর জন্য 2 এ চাপ দিন।

আপনার নিবন্ধনের জন্য আপনাকে ধন্যবাদ। পরবর্তী পদক্ষেপগুলো সম্পর্কে হালনাগাদসমূহ এবং তথ্য পাওয়ার জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট [www.tdsb.on.ca](http://www.tdsb.on.ca) এ যান।